

পরিপত্র

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০ এ প্রণীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুসারে বেসরকারি কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রভাষক ও বিদ্যালয়ের ক্ষেত্রে সহকারি শিক্ষক এর নিয়োগে যোগ্যতা হিসেবে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান এবং ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি নির্ধারণ করা আছে। একই সাথে ০৬ মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত যে কোন বিষয়ে ডিগ্রি/সমমান অর্জনকারীদের নিয়োগলাভের সুযোগ রয়েছে। ০৬ মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত যে কোন বিষয়ে ডিগ্রি/সমমান অর্জনকারি প্রভাষক/শিক্ষকগণকে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা যাচ্ছে না। ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কম্পিউটার শিক্ষা বিষয়ে দক্ষ প্রভাষক/সহকারি শিক্ষকের অভাব পরিলক্ষিত হচ্ছে এবং শিক্ষার্থীরা কম্পিউটার শিক্ষা বিষয়ে যথোপযুক্ত পাঠদান থেকে বঞ্চিত হচ্ছে।

০২। এমতাবস্থায়, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০ এ প্রণীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৬.১.১ এর গ (iv), ৬.২.১ অনুচ্ছেদ এর ক (iii) ও খ (vi) নিম্নোক্ত সংশোধন করা হলো:

ক্রমিক নং	বিদ্যমান নীতিমালা	সংশোধিত নীতিমালা
০১	৬.১.১ এর গ এ বর্ণিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে (৬ষ্ঠ-১২শ): (iv) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে। এ ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে তার ০৬ (ছয়) মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে।	৬.১.১ এর গ এ বর্ণিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে (৬ষ্ঠ-১২শ): (iv) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে।
০২	৬.২.১ এর ক এ বর্ণিত উচ্চ মাধ্যমিক কলেজে (১১শ-১২শ): (iii) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে। এ ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে তার ০৬ (ছয়) মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে।	৬.২.১ এর ক এ বর্ণিত উচ্চ মাধ্যমিক কলেজে (১১শ-১২শ): (iii) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে।
০৩	৬.২.১ এর খ এ বর্ণিত স্নাতক (পাস) কলেজে (১১শ-১৫শ): (vi) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে। এ ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে তার ০৬ (ছয়) মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে।	৬.২.১ এর খ এ বর্ণিত স্নাতক (পাস) কলেজে (১১শ-১৫শ): (vi) কম্পিউটার শিক্ষা চালু থাকলে ০১ (এক) জন প্রভাষক (কম্পিউটার) নিয়োগ করা যাবে।
০৪	বিদ্যালয়ের সহকারি শিক্ষক (কম্পিউটার) এর শিক্ষাগত যোগ্যতা (পরিশিষ্ট-"ঘ"): কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ। অনুচ্ছেদ ১১ (১৭) মতে/বেক প্রশিক্ষণ থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।	বিদ্যালয়ের সহকারি শিক্ষক (কম্পিউটার) এর শিক্ষাগত যোগ্যতা (পরিশিষ্ট-"ঘ"): কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।

০২। এ সংশোধনী জারির পূর্বে নিয়োগপ্রাপ্ত ও প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।  
০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(রুহী রহমান)  
যুগ্মসচিব

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত-সচিব (অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
৪. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক-১/২/বাজেট/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. জেলা প্রশাসক.....(সকল)।
৭. পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরনা পল্টন, ঢাকা।
১১. জেলা শিক্ষা অফিসার.....(সকল)।

  
(আবু কায়সার খান)  
সিনিয়র সহকারী সচিব